



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়  
রেজিস্ট্রারের কার্যালয়  
www.iau.edu.bd



বাড়ি নং-১২৪/২২ ব্লক-এ, সড়ক নং-০৩, ওয়েস্ট ধানমন্ডি, বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১

স্মারক নং- ইআবি/একা-৪১/ফা.পা.ভর্তি ও রেজি:/২০১৮/০০০৪৮৮

তারিখ: ২ পৌষ ১৪৬০ শা.  
১৭ ডিসেম্বর ২০২৩

**ফাজিল (পাস) ২য় ও ৩য় বর্ষের সেশন ফি আদায় সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তি**

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের প্রাথমিক পাঠদানের অনুমতিপ্রাপ্ত ও অধিভুক্ত ফাজিল ও কামিল মাদরাসাসমূহের অধ্যক্ষগণসহ সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে, যে সকল শিক্ষা প্রতিষ্ঠান ফাজিল ১ম ও ২য় বর্ষের পরীক্ষা-২০২১ উত্তীর্ণ শিক্ষার্থীদের “সেশন ফি” নির্ধারিত সময়ে বিশ্ববিদ্যালয়ের একাউন্টে জমা প্রদান করেননি তাদের নিম্নে প্রদত্ত সময়সূচী ও নিয়মাবলী অনুযায়ী উক্ত ফি বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত একাউন্টে জমা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

**সময়সূচী:**

(ক) মাদরাসা কর্তৃপক্ষ সংশ্লিষ্ট শিক্ষার্থীদের নিকট থেকে আদায়কৃত ফি আগামী ১৭-১২-২০২৩ খ্রি. তারিখ থেকে ১০-০১-২০২৪ খ্রি তারিখের মধ্যে {সেশন ফি- ও ক্রীড়া ফি- বাবদ আদায়কৃত অর্থের ৫০% অর্থসহ অন্যান্য ফি- অর্থাৎ প্রতি শিক্ষার্থী ১৭৫/- (একশত পঁচাত্তর) টাকা হারে} নিম্নলিখিত নিয়মাবলী অনুসরণ করে “অগ্রণী ব্যাংক লিঃ” এর যে কোন শাখায় জমা দিবেন।

**ফি-জমা দেয়ার নিয়মাবলী :**

প্রথম ধাপ : [www.iau.edu.bd](http://www.iau.edu.bd) তে প্রবেশ করতে হবে।

দ্বিতীয় ধাপ : **Payment Option** এ ক্লিক করতে হবে।

তৃতীয় ধাপ : **EIIN ও Password** দিয়ে **Login** করতে হবে।

চতুর্থ ধাপ: **Session Fee** তে ক্লিক করে প্রয়োজনীয় তথ্য পূরণপূর্বক **Save** এ ক্লিক করতে হবে।

পঞ্চম ধাপ: (**Payslip Download** করতে কোন সমস্যা হলে জনাব মোঃ রুমি কিসলু, সেকশন অফিসার (০১৭১৮-৯৫৫৫৯৬) এই নাম্বারে যোগাযোগ করুন।

(খ) আদায়কৃত অর্থের অনলাইন ব্যাংকিং এর ডিপোজিট স্লিপ এবং ভর্তিকৃত শিক্ষার্থীদের টট লিস্ট প্রস্তুত করে পরবর্তী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার দপ্তরের একাডেমিক শাখায় সরাসরি/ডাকযোগে/কুরিয়ার সার্ভিসের মাধ্যমে জমা দিতে হবে।


(গ) উপরোল্লিখিত তারিখের পর পরবর্তীতে উক্ত ফি প্রদানের আর কোন সুযোগ প্রদান করা হবে না।

উল্লেখ্য ইতিপূর্বে স্মারক নং ইআবি/একা/ফা.পা.ভর্তি ও রেজি:/২০১৮/০০০৪৮৮, তারিখ: ২৯.১০.২০২৩খ্রি. অনুযায়ী প্রকাশিত বিজ্ঞপ্তির অন্যান্য সকল শর্ত অপরিবর্তিত থাকবে।

**যোগাযোগের জন্য**

০১৭১৯-৫০৭১২৩ (একাডেমিক শাখা)  
০১৭০৯-৩৮৯০০৭ (আই.সি.টি শাখা)

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে



(ড. মোহাম্মদ কামরুল ইসলাম)  
রেজিস্ট্রার

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।